

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৫.০১৪.০০.০০.০০১.২০১৬-১৫৬

তারিখ : ২৫/০৯/২০১৭

বিষয়: “উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে” ফোকাল পয়েন্ট মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র : প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর স্মারক নং-১৯২; তারিখ: ২৯/০৮/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর ডিপিপি'তে প্রকল্প বাস্তবায়নে সহযোগিতা প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগের আওতাধীন ০৩ (তিন) টি প্রতিষ্ঠান, যথা: এনআইএলজি, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে চিহ্নিত করা হয়েছে। প্রকল্প বাস্তবায়নে সহায়তা করার জন্য উল্লিখিত ০৩ (তিন) টি প্রতিষ্ঠান হতে ০৩ (তিন) জন ফোকাল পয়েন্ট নির্ধারণের বিষয়েও প্রকল্পের ডিপিপি'তে নির্দেশনা রয়েছে। উল্লিখিত ফোকাল পয়েন্টগণ নিম্নবর্ণিত দায়িত্বসমূহ পালন করবেন:

- সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহ এবং ইউজিডিপি প্রকল্পের মাঝে সমন্বয় সাধন করবেন;
- উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা-কর্মচারীদের ইউজিডিপি বাস্তবায়নে সহযোগিতার বিষয়টি নিশ্চিত করবেন;
- সংশ্লিষ্ট দপ্তরসমূহের কর্মকর্তা-কর্মচারীদের ইউজিডিপি-এর আওতায় বিভিন্ন ধরনের দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণে সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করবেন;
- প্রকল্পের বিভিন্ন কমিটিতে স্ব স্ব প্রতিষ্ঠানের পক্ষে প্রতিনিধিত্ব করবেন; এবং
- প্রকল্পের প্রয়োজনে অন্যান্য কাজে সহযোগিতা করবেন।

এমতাবস্থায়, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে সহায়তার জন্য ফোকাল পয়েন্ট হিসেবে ০১ (এক) জন কর্মকর্তা-কে (উপ-পরিচালক/নির্বাহী প্রকৌশলী পদমর্যাদার) মনোনয়ন প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

J.M. in

২৫/০৯/২০১৭

(ড. জুলিয়া মঈন)

উপ-সচিব

ফোন : ৯৫৭৭২৩০

e-mail : [lgd.upazila2@gmail.com](mailto:lgd.upazila2@gmail.com)

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী, ডিপিএইচই, কাকরাইল, ঢাকা।
- ৩। মহা-পরিচালক, এনআইএলজি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি :

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
২. প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ডিপিএইচই ভবন, কাকরাইল, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. চীফ রিপ্রেজেন্টেটিভ, জাইকা, বাংলাদেশ অফিস, ঢাকা।